



শিক্ষাবর্ষ ২০২৪

বিষয়ভিত্তিক

মূল্যায়ন নির্দেশিকা

বিষয়: ডিজিটাল প্রযুক্তি | ৬ষ্ঠ শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক
শিখন

যোগ্যতাভিত্তিক

শিখনকালীন
মূল্যায়ন

সহযোগিতামূলক

একীভূত



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

ষষ্ঠ শ্রেণির মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

বিষয় : ডিজিটাল প্রযুক্তি

শিক্ষাবর্ষ : ২০২৪

সূচিপত্র

Contents

সূচিপত্র	3
ভূমিকা	4
ক) শিখনকালীন মূল্যায়ন	5
খ) ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন	6
গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয়	6
ঘ) আচরণিক নির্দেশক	6
ঙ) শিক্ষার্থীর ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ	6
চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা	7
ছ) মূল্যায়নে অ্যাপ ব্যবহার	7
পরিশিষ্ট ১	8
শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)	8
পরিশিষ্ট ২	13
শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট	13
পরিশিষ্ট ৩	16
শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক	16
পরিশিষ্ট ৪	18
শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট	18
পরিশিষ্ট ৫	23
আচরণিক নির্দেশক (Behavioral Indicator, BI)	23

ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,

জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে ২০২৪ শিক্ষাবর্ষে শিখনকালীন মূল্যায়ন প্রক্রিয়া পরিচালনার জন্য এই নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। আপনারা ইতোমধ্যেই জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও সরাসরি প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন সম্পর্কে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেওয়া আছে এবং ২০২৩ শিক্ষাবর্ষে আপনারা সফলভাবে শিখনকালীন মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করেছেন। তারপরেও, সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে ও মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

মূল্যায়নের ক্ষেত্রে যে বিষয়গুলি মনে রাখতে হবে:

- ১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী শুধু বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান—জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।
- ২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে শিক্ষক শিক্ষার্থীর কাজ এবং আচরণ পর্যবেক্ষণ করে মূল্যায়ন পরিচালনা করবেন। প্রতিটি অভিজ্ঞতা শেষে পারদর্শিতার সূচক অনুযায়ী শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা রেকর্ড করবেন।
- ৩। নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।
- ৪। শিক্ষক সহায়িকা অনুযায়ী একটি অভিজ্ঞতা চলাকালীন সময়ে শিক্ষার্থীদের যে সকল কাজের নির্দেশনা দেওয়া আছে শুধুমাত্র ওই কাজগুলোকেই মূল্যায়নের জন্য বিবেচনা করতে হবে। বিষয়ভিত্তিক নির্দেশনার বাইরে শিক্ষার্থীদের অতিরিক্ত কাজ করানো যাবেনা।
- ৫। লক্ষ্য রাখতে হবে অভিজ্ঞতা পরিচালনার সময় শিক্ষক নিশ্চিত করবেন যেন উপকরণ গুলো বিনামূল্যের, স্বল্পমূল্যের এবং পুনঃব্যবহারযোগ্য (রিসাইকেল) উপাদান দিয়ে তৈরি হয়। প্রয়োজনে বিদ্যালয় এইসব শিক্ষা উপকরণের ব্যয়ভার বহন করবে।
- ৫। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

২০২৪ সালে ষষ্ঠ শ্রেণির শিখনকালীন মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার সূচক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার সূচকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন (ষষ্ঠ শ্রেণির এই বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেওয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ (□ ○ △) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা নির্ধারিত হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি (ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন) এবং বছর শেষে আরেকটি (বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন) মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (এসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর ষাণ্মাসিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট তৈরি হবে। প্রথম ষাণ্মাসিক মূল্যায়নের রেকর্ড, পরবর্তী ৬ মাসের শিখনকালীন মূল্যায়ন এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের রেকর্ডের সমন্বয়ে পরবর্তীতে বাৎসরিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং রিপোর্ট কার্ড প্রস্তুত করা হবে।

ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে, এবং কোন প্রমাণকের ভিত্তিতে দিতে হবে তা দেওয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেওয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেওয়া আছে। এই ছকে নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন এবং সে অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ (□ ○ △) ভরাট করবেন। শুধুমাত্র শিক্ষকের রেকর্ড রাখার সুবিধার্থে এই চিহ্নগুলো ঠিক করা হয়েছে। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করা হবে।
- ✓ ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে শিক্ষক পরবর্তীতে যে কোনো সুবিধাজনক সময়ে (অভিজ্ঞতা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে) এই ছক থেকে শিক্ষার্থীর তথ্য 'নৈপুণ্য' অ্যাপ এ ইনপুট দিবেন।
- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যেসকল প্রমাণকের সাহায্যে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলো শিক্ষাবর্ষের শেষ দিন পর্যন্ত সংরক্ষণ করবেন।

খ) ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

- ✓ ২০২৪ সালের বছরের মাঝামাঝিতে বিষয়ের ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও বছরের শেষে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✓ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- ✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, সামষ্টিক মূল্যায়ন ছক, এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হওয়ার পূর্বে বিদ্যালয়ে প্রেরণ করা হবে।

গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করণীয়

- ✓ যদি কোনো অভিজ্ঞতা চলাকালীন সময়ে কোনো শিক্ষার্থী আংশিক সময় বা পুরোটা সময় বিদ্যালয়ে অনুপস্থিত থাকে তাহলে ঐ শিক্ষার্থীকে ঐ যোগ্যতাটি অর্জন করানোর জন্য পরবর্তীতে এনসিটিবির নির্দেশনা অনুযায়ী নিরাময়মূলক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এই নির্দেশনা পরবর্তীতে দেওয়া হবে।

ঘ) আচরণিক নির্দেশক

আচরণিক নির্দেশকের একটা তালিকা পরিশিষ্ট ৫ এ দেওয়া আছে। শিক্ষক বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলগত কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই নির্দেশকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করবেন। পারদর্শিতার নির্দেশকের পাশাপাশি এই আচরণিক নির্দেশকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে। আচরণিক নির্দেশকগুলোতে শিক্ষার্থীর অর্জনের মাত্রা শিক্ষক বছরে শুধুমাত্র দুইবার ইনপুট দিবেন। অর্থাৎ ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার ইনপুট দিতে হবে।

ঙ) শিক্ষার্থীর ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বিশিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভুজ, বৃত্ত, বা ত্রিভুজ (□ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভুজ (Δ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভুজ (Δ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত (\circ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভুজ (\square) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করতে হবে।

চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চলাকালে জেডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোনো কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন— নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোনো শিক্ষার্থী যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোনো শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমতো উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোনো শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরনের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

ছ) মূল্যায়নে অ্যাপ ব্যবহার

জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুসারে ২০২৪ সালে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের সকল বিষয়ের শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন প্রক্রিয়া শিক্ষকগণ “নৈপুণ্য” অ্যাপটি ব্যবহার করে সম্পন্ন করবেন। শিক্ষার্থীদের মূল্যায়ন ও মূল্যায়ন সংশ্লিষ্ট কাজে শিক্ষা প্রতিষ্ঠান, স্ব-স্ব প্রতিষ্ঠানের শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের তথ্য অন্তর্ভুক্তকরণের মাধ্যমে এ প্রক্রিয়াটি সম্পন্ন হবে। শিক্ষাক্রম অনুযায়ী শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের পারদর্শিতা অর্জনে শিক্ষার্থী কোন পর্যায়ে রয়েছে সেই তথ্য বিষয় শিক্ষকরা ইনপুট দিলে শিক্ষার্থীর জন্য স্বয়ংক্রিয় রিপোর্ট কার্ড প্রস্তুত করে দিবে এই ‘নৈপুণ্য’ অ্যাপ।

পরিশিষ্ট ১

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

একক যোগ্যতা নং	একক যোগ্যতা	পারদর্শিতার সূচক নং	পারদর্শিতার সূচক	□	○	△
০৬.০৬.০১	কোন ধরনের তথ্য কেন প্রয়োজন তা বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় প্রযুক্তির সাহায্যে তথ্য সংগ্রহ ও ব্যবহার করা ও তথ্যের ব্যবহারে দায়িত্বশীল আচরণ করতে পারা	০৬.০৬.০১.০১	চাহিদা অনুযায়ী প্রযুক্তির সাহায্যে তথ্য সংগ্রহ করতে পারছে	কোন ধরনের তথ্য সংগ্রহে প্রযুক্তির সাহায্য নেয়া যায় তা সনাক্ত করতে পারছে।	প্রযুক্তির সাহায্যে তথ্য সংগ্রহে প্রস্তুতি নিতে পারছে।	প্রযুক্তির সাহায্যে তথ্য সংগ্রহ (পরিকল্পনা) করতে পারছে।
		০৬.০৬.০১.০২	তথ্য সংগ্রহের জন্য বিভিন্ন উৎস ব্যবহার করছে	তথ্য সংগ্রহের জন্য সহজলভ্য উৎস ব্যবহার করেছে	তথ্য সংগ্রহের জন্য সহজলভ্য উৎস অধিক ব্যবহার করছে	তথ্য সংগ্রহের জন্য নতুন উৎসসহ একাধিক উৎস অনুসন্ধান করে তা ব্যবহার করেছে
		০৬.০৬.০১.০৩	চাহিদা অনুযায়ী তথ্য ব্যবহার করছে	সংগৃহীত তথ্য প্রাসংগিকভাবে ব্যবহার করেছে	সংগৃহীত তথ্যকে সমন্বিত করে ব্যবহার করছে	সংগৃহীত তথ্য সমন্বিত করে বিশ্লেষণসহ ব্যবহার করেছে
		০৬.০৬.০১.০৪	মানবীয় উৎসের অনুমতি গ্রহণ ও তথ্যসূত্র উল্লেখপূর্বক তথ্য ব্যবহার করছে।	তথ্য উপস্থাপনের সময় কিছু কিছু ক্ষেত্রে তথ্যসূত্র বা উৎসের নাম উল্লেখ করছে।	তথ্য উপস্থাপনের সময় তথ্যসূত্র বা উৎসের নাম উল্লেখ করছে।	তথ্য উপস্থাপনের সময় প্রয়োজনীয় অনুমতি গ্রহণপূর্বক নিয়ম মেনে তথ্যসূত্র বা উৎসের নাম উল্লেখ করছে।
০৬.০৬.০২	সরল অ্যালগরিদমের ধারাবাহিক ধাপসমূহ নির্ধারণ, শাখাবিন্যাস এবং পুনরাবৃত্তি ডিজাইন ও পরিমার্জন করতে পারা এবং তা অনুসরণ করে প্রোগ্রাম প্রস্তুত করতে পারা	০৬.০৬.০২.০১	যে কোন সরল অ্যালগরিদমের ধাপসমূহ ধারাবাহিকভাবে নির্ধারণ করতে পারছে	দৈনন্দিন জীবনের কোন একটি কাজকে সরল অ্যালগোরিদমের মাধ্যমে ধারাবাহিকভাবে সাজাতে পারছে	অপেক্ষাকৃত জটিল ধাপসম্পন্ন কাজকে সরল অ্যালগোরিদমের মাধ্যমে ধারাবাহিকভাবে সাজাতে পারছে	যে কোন কাজকে সরল অ্যালগোরিদমের মাধ্যমে ধারাবাহিকভাবে সাজাতে পারছে
		০৬.০৬.০২.০২	যে কোন একটি সরল অ্যালগরিদম ডিজাইন করতে পারছে	দৈনন্দিন জীবনের কোন কাজের জন্য একটি সরল অ্যালগোরিদম ডিজাইন করতে পারছে	অপেক্ষাকৃত জটিল ধাপসম্পন্ন কাজের জন্য সরল অ্যালগোরিদম ডিজাইন করতে পারছে	যে কোন পরিবেশে যে কোন কাজের জন্য সরল অ্যালগোরিদম ডিজাইন করতে পারছে
		০৬.০৬.০২.০৩	যে কোন একটি সরল অ্যালগরিদমের ডিজাইন পরিমার্জন করতে পারছে	দৈনন্দিন জীবনের কোন কাজের জন্য তৈরিকৃত সরল অ্যালগোরিদমের ডিজাইন পরিমার্জন করতে পারছে	অপেক্ষাকৃত জটিল ধাপসম্পন্ন কাজের জন্য তৈরিকৃত সরল অ্যালগোরিদমের ডিজাইন পরিমার্জন করতে পারছে	যে কোন পরিবেশে, যে কোন কাজের জন্য তৈরিকৃত সরল অ্যালগোরিদমের ডিজাইন পরিমার্জন করতে পারছে

		০৬.০৬.০২.০৪	সরল অ্যালগরিদমের ধাপসমূহ মেনে একটি প্রোগ্রাম ডিজাইন করতে পারছে	দৈনন্দিন জীবনের কোন কাজের জন্য তৈরি অ্যালগোরিদমের ধাপ মেনে সেটিকে একটি প্রোগ্রামে রূপান্তর করতে পারছে	অপেক্ষাকৃত জটিল ধাপসম্পন্ন কাজের জন্য তৈরি অ্যালগোরিদমের ধাপ মেনে সেটিকে একটি প্রোগ্রামে রূপান্তর করতে পারছে	যে কোন পরিবেশে যে কোন কাজের জন্য তৈরি অ্যালগোরিদমের ধাপ মেনে সেটিকে একটি প্রোগ্রামে রূপান্তর করতে পারছে
০৬.০৬.০৩	ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহ পর্যবেক্ষণ করে কীভাবে নেটওয়ার্ক গড়ে ওঠে এবং তথ্য আদান প্রদান করা হয় তা অনুসন্ধান করতে পারা	০৬.০৬.০৩.০১	কোন একটি ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহের কাজ নির্ধারণ করতে পারছে	কোন একটি ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহের বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারছে	কোন একটি ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহের বৈশিষ্ট্যের প্রেক্ষিতে তাদের মাঝে আন্তঃসম্পর্ক বিশ্লেষণ করতে পারছে	কোন একটি ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহের মাঝে আন্তঃসম্পর্ক বিশ্লেষণ করে তার কাজ পর্যালোচনা করতে পারছে
		০৬.০৬.০৩.০২	একটি ডিজিটাল নেটওয়ার্কের গঠন পর্যালোচনা করতে পারছে	পরিচিত কোন একটি সরল ডিজিটাল নেটওয়ার্ক কীভাবে তৈরি হয় তা নির্ণয় করতে পারছে	পরিচিত অপেক্ষাকৃত জটিল ধরনের ডিজিটাল নেটওয়ার্ক কীভাবে তৈরি হয় তা নির্ণয় করতে পারছে	সবধরনের ডিজিটাল নেটওয়ার্ক কীভাবে তৈরি হয় তা নির্ণয় করতে পারছে
		০৬.০৬.০৩.০৩	ডিজিটাল নেটওয়ার্কে তথ্য আদান-প্রদানের উপায় নির্ণয় করতে পারছে	পরিচিত কোন একটি সরল নেটওয়ার্কে তথ্যের আদান-প্রদানের উপায় চিহ্নিত করতে পারছে	পরিচিত অপেক্ষাকৃত জটিল ধরনের নেটওয়ার্কে তথ্যের আদান-প্রদানের উপায় চিহ্নিত করতে পারছে	সবধরনের নেটওয়ার্কে তথ্যের আদান-প্রদানের উপায় নির্ধারণ করতে পারছে
০৬.০৬.০৪	নির্দিষ্ট প্রেক্ষাপটে টার্গেট গ্রুপ বিবেচনায় নিয়ে কনটেন্ট তুলে ধরতে ডিজিটাল প্রযুক্তির সৃজনশীল ব্যবহার করতে পারা	০৬.০৬.০৪.০১	বিভিন্ন প্রেক্ষাপটে টার্গেট গ্রুপের বৈশিষ্ট্যের ভিন্নতা চিহ্নিত করতে পারছে	পরিচিত প্রেক্ষাপটে নির্দিষ্ট কোন টার্গেট গ্রুপের বৈশিষ্ট্য বের করতে পারছে।	নির্দিষ্ট কোন টার্গেট গ্রুপের প্রেক্ষাপট ভিন্ন হওয়ায় বৈশিষ্ট্যও যে ভিন্ন হতে পারে তা বের করতে পারছে।	বিভিন্ন প্রেক্ষাপটে কোন নির্দিষ্ট টার্গেটগ্রুপের বৈশিষ্ট্যের ভিন্নতা বের করতে পারছে।
		০৬.০৬.০৪.০২	টার্গেট গ্রুপের বৈশিষ্ট্য (বয়স, ভৌগোলিক অবস্থান, শিক্ষাগত যোগ্যতা) অনুযায়ী টার্গেট গ্রুপের কনটেন্টের চাহিদার ভিন্নতা নিরূপণ করতে পারছে	পরিচিত প্রেক্ষাপটে নির্দিষ্ট কোন টার্গেট গ্রুপের কনটেন্টের চাহিদা সাধারণভাবে নিরূপণ করতে পারছে।	চাহিদা নিরূপণের সময় টার্গেট গ্রুপের বিভিন্ন বৈশিষ্ট্য বিবেচনায় নিচ্ছে।	টার্গেট গ্রুপের বৈশিষ্ট্য অনুযায়ী চাহিদার ভিন্নতা নিরূপণ করতে পারছে।
		০৬.০৬.০৪.০৩	টার্গেট গ্রুপের চাহিদার পার্থক্য অনুযায়ী শিক্ষার্থী ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে বৈচিত্রময় উপায়ে কনটেন্ট তৈরি করতে পারছে	টার্গেট গ্রুপের চাহিদা অনুযায়ী একটি কনটেন্ট ডিজাইন ও প্রস্তুত করছে	প্রস্তুতকৃত কনটেন্ট এর মেসেজ বা বার্তা টার্গেট গ্রুপ বুঝতে পারছে	প্রস্তুতকৃত কনটেন্ট এর মেসেজ বা বার্তা টার্গেট গ্রুপ পছন্দ করেছে।

০৬.০৬.০৫	ব্যক্তিগত প্রয়োজনে ডিজিটাল মাধ্যম ব্যবহার করে জরুরি সেবা গ্রহণের জন্য যোগাযোগ স্থাপন করতে পারা	০৬.০৬.০৫.০১	দেশে কি কি জরুরী সেবা বিদ্যমান তা বিভিন্ন উপায়ে অনুসন্ধান করতে পারছে	নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে বিদ্যমান কিছু জরুরী সেবা বের করতে পেরেছে।	নির্দেশনা অনুযায়ী অনুসন্ধানের মাধ্যমে বিদ্যমান জরুরী সেবাসমূহ বের করতে পেরেছে	প্রয়োজন অনুযায়ী অনুসন্ধানের মাধ্যমে নির্দিষ্ট জরুরী সেবা বের করতে পেরেছে
		০৬.০৬.০৫.০২	ডিজিটাল মাধ্যম ব্যবহার করে জরুরি সেবা গ্রহণের প্রক্রিয়া সম্পর্কে সচেতন হয়েছে	যেকোন একটি ডিজিটাল সেবা গ্রহণের প্রক্রিয়া উপস্থাপন করতে পারছে।	যে কোন ডিজিটাল সেবা গ্রহণ করার ধাপসমূহ চিহ্নিত করতে পারছে।	প্রয়োজন অনুযায়ী যে কোন ডিজিটাল সেবা গ্রহণের প্রস্তুতি আছে।
		০৬.০৬.০৫.০৩	চাহিদা অনুযায়ী জরুরি সেবার ধাপ অনুসরণ করে যোগাযোগ স্থাপন করতে পারছে	কোন একটি কৃতিমভাবে তৈরি করা পরিস্থিতিতে জরুরি সেবা নেওয়ার জন্য যোগাযোগ করতে পারছে	কোন একটি কৃতিমভাবে তৈরি করা পরিস্থিতিতে সবগুলো ধাপ অনুসরণ করে জরুরি সেবা নেওয়ার জন্য যোগাযোগ করতে পারছে	কোন একটি কৃতিমভাবে তৈরি করা পরিস্থিতিতে জরুরি সেবা নেওয়ার জন্য সকল সঠিক তথ্য দিয়ে যোগাযোগ করতে পারছে
০৬.০৬.০৬	বুদ্ধিবৃত্তিক সম্পদের ধারণা অনুধাবন করে তার উপর স্বত্বাধিকারীর অধিকার বিষয়ে সচেতন হওয়া	০৬.০৬.০৬.০১	চারপাশের পরিবেশ থেকে বুদ্ধিবৃত্তিক সম্পদগুলো অনুসন্ধান করছে	নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে বিদ্যমান কিছু বুদ্ধিবৃত্তিক সম্পদ বের করতে পেরেছে।	নির্দেশনা অনুযায়ী অনুসন্ধানের মাধ্যমে বিদ্যমান বুদ্ধিবৃত্তিক সম্পদ বের করতে পেরেছে	অনুসন্ধানের মাধ্যমে ধারণা অনুযায়ী বুদ্ধিবৃত্তিক সম্পদ বের করতে পেরেছে
		০৬.০৬.০৬.০২	বুদ্ধিবৃত্তিক সম্পদের ভিন্নতা অনুযায়ী তার উপর স্বত্বাধিকারীর অধিকারগুলো চিহ্নিত করছে	নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে প্রাপ্ত একটি বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারের অধিকার সনাক্ত করার চেষ্টা করছে।	নির্দেশনা অনুযায়ী অনুসন্ধানের মাধ্যমে প্রাপ্ত বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারের অধিকার বের করতে পেরেছে	অনুসন্ধানের মাধ্যমে ধারণা অনুযায়ী বিভিন্ন বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারের অধিকারসমূহ বের করতে পেরেছে।
০৬.০৬.০৭	ডিজিটাল প্লাটফর্মে তথ্য আদান প্রদানের ক্ষেত্রে সাধারণ ঝুঁকি সম্পর্কে সচেতন হওয়া ও ঝুঁকি মোকাবেলার দক্ষতা অর্জন করতে পারা	০৬.০৬.০৭.০১	ডিজিটাল প্লাটফর্মে তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে সাধারণ ঝুঁকিগুলো চিহ্নিত করছে	ডিজিটাল প্লাটফর্মে পরিচিত সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করছে	ডিজিটাল প্লাটফর্মের পরিচিত সম্ভাব্য ঝুঁকিগুলোকে মাত্রা অনুযায়ী পার্থক্য করতে পারছে	ডিজিটাল প্লাটফর্মের সম্ভাব্য নতুন ঝুঁকিগুলোকে ঝুঁকির মাত্রা অনুযায়ী পার্থক্য করতে পারছে
		০৬.০৬.০৭.০২	ঝুঁকি মোকাবেলা করে ডিজিটাল প্লাটফর্মে তথ্য আদান-প্রদান করতে পারছে	তথ্য আদান প্রদানের সময় ঝুঁকি মোকাবেলার জন্য স্বল্প পরিসরে কিছু উদ্যোগ নিচ্ছে	তথ্য আদান প্রদানের সময় ঝুঁকির মাত্রা অনুযায়ী মোকাবেলার জন্য ব্যবস্থা নিচ্ছে	তথ্য আদান প্রদানের সময় সকল ধরণের ঝুঁকি মোকাবেলার জন্য প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিচ্ছে।
০৬.০৬.০৮	তথ্যপ্রযুক্তির সাহায্য নিয়ে ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘনের সামাজিক ও	০৬.০৬.০৮.০১	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত গোপনীয় তথ্য কী হতে পারে তা চিহ্নিত করছে	ডিজিটাল মাধ্যমে নিজের ব্যক্তিগত গোপনীয় তথ্য কী তা চিহ্নিত করতে পারছে।	ডিজিটাল মাধ্যমে নিজের বয়সি অন্যান্যদের ব্যক্তিগত গোপনীয় তথ্য কী হতে পারে তা চিহ্নিত করছে	ডিজিটাল মাধ্যমে যে কোন বয়সি মানুষের ক্ষেত্রে ব্যক্তিগত গোপনীয় তথ্য কী হতে পারে তা চিহ্নিত করছে

আইনগত দিক বিশ্লেষণ করে ব্যক্তিগত অবস্থান ও করণীয় নির্ধারণ করতে পারা	০৬.০৬.০৮.০২	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের সামাজিক দিক বিশ্লেষণ করছে	নিজের ব্যক্তিগত গোপনীয়তা লংঘিত হলে সামাজিক কি প্রভাব পরতে পারে তা বিশ্লেষণ করছে	অন্যের ব্যক্তিগত গোপনীয়তা লংঘন করলে কী কী সামাজিক প্রভাব পরতে পারে তা বের করতে পারছে।	ব্যক্তিগত গোপনীয়তা লংঘিত হলে ভবিষ্যতে কী কী সামাজিক প্রভাব পরতে পারে তা বের করতে পারছে।
	০৬.০৬.০৮.০৩	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের আইনগত দিক বিশ্লেষণ করছে	নিজের ব্যক্তিগত গোপনীয়তা লংঘিত হলে কী আইনগত ব্যবস্থা আছে তা বিশ্লেষণ করছে	অন্যের ব্যক্তিগত গোপনীয়তা লংঘন করলে তার আইনগত ব্যবস্থা কি হতে পারে তা বের করতে পারছে।	ব্যক্তিগত গোপনীয়তা লংঘিত হলে ভবিষ্যতে কী কী আইনগত প্রভাব পরতে পারে তা বের করতে পারছে।
	০৬.০৬.০৮.০৪	ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের সামাজিক দিক বিবেচনা করে নিজের কর্মপরিকল্পনা নির্ধারণ করছে	সামাজিক প্রভাব বিবেচনায় ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষায় উদ্যোগ নিচ্ছে।	সামাজিক প্রভাব বিবেচনায় নিয়ে ব্যক্তিগত তথ্যের সুরক্ষায় প্রস্তুতি গ্রহণ করছে।	সামাজিক প্রভাব বিবেচনায় নিয়ে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লংঘনে করণীয় সম্পর্কে প্রস্তুতি গ্রহণ করছে।
	০৬.০৬.০৮.০৫	ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের আইনগত দিক বিবেচনা করে নিজের কর্মপরিকল্পনা নির্ধারণ করছে	আইনগত দিক বিবেচনায় ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষায় উদ্যোগ নিচ্ছে।	আইনগত দিক বিবেচনায় নিয়ে ব্যক্তিগত তথ্যের সুরক্ষায় প্রস্তুতি গ্রহণ করছে।	আইনগত দিক বিবেচনায় নিয়ে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লংঘনে করণীয় সম্পর্কে প্রস্তুতি গ্রহণ করছে।
০৬.০৬.০৯	ব্যক্তিগত যোগাযোগে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে উপযুক্ত সামাজিক রীতি-নীতি ও আচরণ করতে পারা	ডিজিটাল মাধ্যম ব্যবহার করে ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে সামাজিক রীতি-নীতি ও আচরণ মেনে চলছে।	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে নির্দিষ্ট কিছু নিয়মকানুন মেনে চলছে।	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে সামাজিক রীতিনীতি মেনে চলছে।	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে সামাজিক মূল্যবোধ ও আচরণ অনুসরণ করছে।
০৬.০৬.১০	০৬.০৬.১০.০১	বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্যপ্রযুক্তি ব্যবহার করতে পারছে	কোন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্য সম্পর্কে জানতে তথ্য প্রযুক্তির সহায়তা নিতে চেষ্টা করছে।	ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্য প্রযুক্তি ব্যবহারের পদ্ধতি জানে।	তথ্য প্রযুক্তি ব্যবহার করে কোন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্য নির্ণয় করছে।
	০৬.০৬.১০.০২	বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্যপ্রযুক্তি ব্যবহার করতে পারছে	কোন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য সম্পর্কে জানতে তথ্য প্রযুক্তির	ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্য প্রযুক্তি ব্যবহারের পদ্ধতি জানে।	তথ্য প্রযুক্তি ব্যবহার করে কোন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য নির্ণয় করছে।

অনুসন্ধান করতে পারা			সহায়তা নিতে চেষ্টা করছে।		
	০৬.০৬.১০.০৩	বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্যের বিভিন্ন দিক নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে	তথ্য প্রযুক্তির সহায়তায় কোনো ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্যের বিভিন্ন দিক সম্পর্কে জানতে বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহারের চেষ্টা করছে।	তথ্য প্রযুক্তির বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহার করে সামাজিক বৈচিত্র্য নিরপেক্ষ দৃষ্টিতে অনুসন্ধানের চেষ্টা করছে।	তথ্য প্রযুক্তির বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহার করে সামাজিক বৈচিত্র্য নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে
	০৬.০৬.১০.০৪	বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্যের বিভিন্ন দিক নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে	তথ্য প্রযুক্তির সহায়তায় কোন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্যের বিভিন্ন দিক সম্পর্কে জানতে বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহারের চেষ্টা করছে।	তথ্য প্রযুক্তির বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহার করে সাংস্কৃতিক বৈচিত্র্য নিরপেক্ষ দৃষ্টিতে অনুসন্ধানের চেষ্টা করছে।	তথ্য প্রযুক্তির বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহার করে সাংস্কৃতিক বৈচিত্র্য নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে

পরিশিষ্ট ২

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

ষষ্ঠ শ্রেণির সবগুলো শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট ধারাবাহিকভাবে দেয়া হল। শিক্ষক কোন অভিজ্ঞতা শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দেবেন তা প্রতিটি শিখন অভিজ্ঞতার সাথে দেয়া আছে। এছাড়া একটি বিষয়ে বিশেষভাবে মনে রাখা জরুরি যে, শিক্ষার্থী কোন বিষয়ের বিষয়ভিত্তিক জ্ঞান কতটুকু মুখস্ত করতে পারছে তার ভিত্তিতে কখনোই শিক্ষক শিক্ষার্থীর যোগ্যতার (পারদর্শিতার সূচকের) মান নির্ধারণ করবেন না। শিক্ষার্থী নির্দিষ্ট অভিজ্ঞতায় বিষয়ভিত্তিক জ্ঞানকে কীভাবে বাস্তব জীবনের সাথে সম্পর্কিত করছে এবং সে অনুযায়ী প্রয়োগ করছে তার উপর সূচক নির্ধারণ করবেন। শিক্ষার্থীর কোন নির্দিষ্ট কাজ বা আচরণের ভিত্তিতে তিনি এই ইনপুট দেবেন তাও পাশে উল্লেখ করা আছে।

শিখন অভিজ্ঞতা ১: সমস্যা দেখে না পাই ভয় সবাই মিলে করি জয়		
PI নং	পারদর্শিতার সূচক(PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৬.০১.০১	চাহিদা অনুযায়ী প্রযুক্তির সাহায্যে তথ্য সংগ্রহ করতে পারছে	সেশন ৫ ও ৬ এ দলগতভাবে সমস্যার সমাধান উপস্থাপন, শিক্ষার্থী যে সমস্যা অনুসন্ধান করেছে উপযুক্ত তথ্যের মাধ্যমে তার সমাধান প্রস্তাব করতে পারবে।
০৬.০৬.০১.০২	তথ্য সংগ্রহের জন্য বিভিন্ন উৎস ব্যবহার করছে	
০৬.০৬.০১.০৩	চাহিদা অনুযায়ী তথ্য ব্যবহার করছে	সেশন ৭ এর তৈরিকৃত সচেতনামূলক কনটেন্ট
০৬.০৬.০১.০৪	মানবীয় উৎসের অনুমতি গ্রহণ ও তথ্যসূত্র উল্লেখপূর্বক তথ্য ব্যবহার করছে।	সেশন ৫ ও ৬ এর সমাধান উপস্থাপন এবং সেশন ৮ এর সারণি ১.৪
শিখন অভিজ্ঞতা ২: ডিজিটাল উপহারে ডিজিটাল সমাধান		
PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৬.০৪.০১	বিভিন্ন প্রেক্ষাপটে টার্গেট গ্রুপের বৈশিষ্ট্যের ভিন্নতা চিহ্নিত করতে পারছে	সেশন ১ এর কাজ - ৪ (শিক্ষক সহায়িকায় উল্লেখিত) টার্গেট গ্রুপ চিহ্নিত করার খেলা
০৬.০৬.০৪.০২	টার্গেট গ্রুপের বৈশিষ্ট্য (বয়স, ভৌগলিক অবস্থান, শিক্ষাগত যোগ্যতা) অনুযায়ী টার্গেট গ্রুপের কনটেন্টের চাহিদার ভিন্নতা নিরূপণ করতে পারছে	সেশন ৩ এ কনটেন্ট তৈরির বর্ণনা
০৬.০৬.০৪.০৩	টার্গেট গ্রুপের চাহিদার পার্থক্য অনুযায়ী শিক্ষার্থী ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে বৈচিত্রময় উপায়ে কনটেন্ট তৈরি করতে পারছে	সেশন ৪ এর তৈরিকৃত কনটেন্ট

শিখন অভিজ্ঞতা ৩ - আমাদের বিদ্যালয় পত্রিকা

PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৬.০৬.০১	চারপাশের পরিবেশ থেকে বুদ্ধিবৃত্তিক সম্পদগুলো অনুসন্ধান করছে	সেশন ২ এর অনুশীলনী অংশঃ বিভিন্ন ছবি দেখে বুদ্ধিবৃত্তিক ছবি নির্ণয় সেশন ৩ এর গুণ্ডধনের খোঁজেঃ খেলার মাধ্যমে খুঁজে পাওয়া বিদ্যালয়ের বিভিন্ন বুদ্ধিবৃত্তিক সম্পদ
০৬.০৬.০৬.০২	বুদ্ধিবৃত্তিক সম্পদের ভিন্নতা অনুযায়ী তার উপর স্বত্বাধিকারীর অধিকারগুলো চিহ্নিত করছে	সেশন ৪ এর ছক পূরণঃ বিভিন্ন স্বত্বাধিকারীর ধরণ এবং তাদের ক্ষতির ধরণ নির্ণয় সেশন ৫ বিদ্যালয় পত্রিকা তৈরিঃ বিদ্যালয় পত্রিকার প্রতিবেদনে যথাযতভাবে স্বত্বাধিকারীর নাম উল্লেখ করেছে

শিখন অভিজ্ঞতা ৪ - তথ্যঝুঁকি মোকাবেলায় মানববন্ধন

PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৬.০৭.০১	ডিজিটাল প্লাটফর্মে তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে সাধারণ ঝুঁকিগুলো চিহ্নিত করছে	সেশন ৫ এর ছক পূরণঃ ডিজিটাল মাধ্যম ও সাধারণ মাধ্যমের তথ্য ঝুঁকি চিহ্নিত করেছে
০৬.০৬.০৭.০২	ঝুঁকি মোকাবেলা করে ডিজিটাল প্লাটফর্মে তথ্য আদান-প্রদান করতে পারছে	শিখনকালীন মূল্যায়নে এই PI ইনপুট দিতে হবেনা
০৬.০৬.০৮.০১	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত গোপনীয় তথ্য কি হতে পারে তা চিহ্নিত করছে	সেশন ৬ এর ছক পূরণঃ ব্যক্তিগত গোপনীয়তা বিষয়ক ঝুঁকি এবং কীভাবে ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘন হয়েছে
০৬.০৬.০৮.০২	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের সামাজিক দিক বিশ্লেষণ করছে	সেশন ৮ এর প্ল্যাকার্ড তৈরি করার সময় উল্লেখিত ম্যাসেজ বা বার্তা
০৬.০৬.০৮.০৩	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের আইনগত দিক বিশ্লেষণ করছে	সেশন ৮ এর প্ল্যাকার্ড তৈরি করার সময় উল্লেখিত ম্যাসেজ বা বার্তা
০৬.০৬.০৮.০৪	ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের সামাজিক দিক বিবেচনা করে নিজের কর্মপরিকল্পনা নির্ধারণ করছে	সেশন ৭ এর ছক পূরণঃ ঝুঁকি মোকাবেলার কৌশল নির্ধারণ
০৬.০৬.০৮.০৫	ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের আইনগত দিক বিবেচনা করে নিজের কর্মপরিকল্পনা নির্ধারণ করছে	সেশন ৭ এর ছক পূরণঃ ঝুঁকি মোকাবেলার কৌশল নির্ধারণ

শিখন অভিজ্ঞতা ৫: বন্ধুর সাথে ভ্রমণ পরিকল্পনা

PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৬.০২.০১	যে কোন সরল অ্যালগরিদমের ধাপসমূহ ধারাবাহিকভাবে নির্ধারণ করতে পারছে	সেশন ২ এর বিদ্যালয়ে আসার ধাপ নির্ণয়
০৬.০৬.০২.০২	যে কোন একটি সরল অ্যালগরিদম ডিজাইন করতে পারছে	শিখনকালীন মূল্যায়নে এই PI ইনপুট দিতে হবেনা
০৬.০৬.০২.০৩	যে কোন একটি সরল অ্যালগরিদমের ডিজাইন পরিমার্জন করতে পারছে	সেশন ৬ ধাঁধা অনুযায়ী ভ্রমণ পরিকল্পনার প্রবাহচিত্র আঁকা
০৬.০৬.০২.০৪	সরল অ্যালগরিদমের ধাপসমূহ মেনে একটি প্রোগ্রাম ডিজাইন করতে পারছে	শিখনকালীন মূল্যায়নে এই PI ইনপুট দিতে হবেনা

শিখন অভিজ্ঞতা ৬ : শিখনের জন্য নেটওয়ার্ক

PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৬.০৩.০১	কোন একটি ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহের কাজ নির্ধারণ করতে পারছে	সেশন ৩ এর প্রবাহচিত্র ছক পূরণ

০৬.০৬.০৩.০২	একটি ডিজিটাল নেটওয়ার্কের গঠন পর্যালোচনা করতে পারছে	সেশন ৩ এর বাড়ির কাজঃ ডিজিটাল নেটওয়ার্কের উপাদান চিহ্নিত করে মানচিত্রে অবস্থান নির্ধারণ করে করে আঁকতে পেরেছে
০৬.০৬.০৩.০৩	ডিজিটাল নেটওয়ার্কে তথ্য আদান-প্রদানের উপায় নির্ণয় করতে পারছে	সেশন ৫ এর বিদ্যালয় শিখন নেটওয়ার্ক ১ তৈরি
শিখন অভিজ্ঞতা ৭ : চলো সাজাই জরুরীসেবা তথ্যকেন্দ্র		
PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৬.০৫.০১	দেশে কি কি জরুরী সেবা বিদ্যমান তা বিভিন্ন উপায়ে অনুসন্ধান করতে পারছে	সেশন ১ এর গ্রাম ও শহরের জরুরি সেবার তালিকা সেশন ২ এর বিভিন্ন জরুরী সেবার প্রয়োজনীয় নাম্বারের তালিকা সেশন ২ এর ঘটনার ভিন্নতা অনুযায়ী বিভিন্ন জরুরি সেবা
০৬.০৬.০৫.০২	ডিজিটাল মাধ্যম ব্যবহার করে জরুরি সেবা গ্রহণের প্রক্রিয়া সম্পর্কে সচেতন হয়েছে	সেশন ৩ এর বিভিন্ন জরুরী সেবা নেওয়ার জন্য কথোপকথন স্ক্রিপ্ট তৈরি এবং উপস্থাপন
০৬.০৬.০৫.০৩	চাহিদা অনুযায়ী জরুরি সেবার ধাপ অনুসরণ করে যোগাযোগ স্থাপন করতে পারছে	সেশন ৫ এর শ্রেণির বাইরের কাজ, আবহাওয়া তথ্য কেন্দ্রে যোগাযোগ এবং সে অভিজ্ঞতা ছকে বর্ণনা
শিখন অভিজ্ঞতা ৮ : সুষ্ঠু মনের মুক্ত আলোচনা		
PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৬.০৯.০১	ডিজিটাল মাধ্যম ব্যবহার করে ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে সামাজিক রীতিনীতি ও আচরণ মেনে চলছে।	সেশন ২ এর সারণি ৮.৪ সেশন ৩ এর ছক ৮.২ মুক্ত আলোচনা আয়োজনের সময় অতিথিদের আমন্ত্রন এবং মুক্ত আলোচনার দিন অতিথিদের সাথে আচরণ পর্যবেক্ষন
শিখন অভিজ্ঞতা ৯ : স্থানীয় বৈচিত্র্য		
PI নং	পারদর্শিতার সূচক (PI)	নির্দিষ্ট কাজ/ আচরণ
০৬.০৬.১০.০১	বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্যপ্রযুক্তি ব্যবহার করতে পারছে	সেশন ২ এর বাড়ির কাজ, জেলা সম্পর্কে যে তথ্য পেলাম
০৬.০৬.১০.০২	বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্যপ্রযুক্তি ব্যবহার করতে পারছে	সেশন ২ এর বাড়ির কাজ, জেলা সম্পর্কে যে তথ্য পেলাম
০৬.০৬.১০.০৩	বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্যের বিভিন্ন দিক নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে	সেশন ২ এর ঘর সারণি ৯.১ ও ঘর ৯.১ সেশন ৩ এর সারণি ৯.৩ সেশন ৪ বৈচিত্র্য ডায়েরি
০৬.০৬.১০.০৪	বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্যের বিভিন্ন দিক নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে	সেশন ২ এর ঘর সারণি ৯.১ ও ঘর ৯.১ সেশন ৩ এর সারণি ৯.৩ সেশন ৪ বৈচিত্র্য ডায়েরি

পরিশিষ্ট ৩

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের জন্য ফাঁকা ছক পরের পৃষ্ঠায় দেয়া হলো। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণ প্রতি শিখন অভিজ্ঞতা শেষে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নেবেন। ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে শিক্ষক পরবর্তীতে যে কোন সুবিধাজনক সময়ে (শিখন অভিজ্ঞতা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে) এই শিট থেকে শিক্ষার্থীর তথ্য 'নৈপুণ্য' অ্যাপ এ ইনপুট দিবেন।

উদাহরণ:

'সমস্যা দেখে না পাই ভয়, সবাই মিলে করি জয়' শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর পারদর্শিতা মূল্যায়নের সুবিধার্থে চারটি পারদর্শিতার সূচক নির্ধারণ করা হয়েছে, ০৬.০৬.০১.০১, ০৬.০৬.০১.০২, ০৬.০৬.০১.০৩, ০৬.০৬.০১.০৪ শিক্ষক উক্ত শিখন অভিজ্ঞতার টপশিটের সাথে পরের পৃষ্ঠায় দেয়া ছকটি পূরণ করে ব্যবহার করবেন। নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

প্রতিষ্ঠানের নাম					শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক
অভিজ্ঞতা নং :	শ্রেণিঃ	৬ষ্ঠ	বিষয়	ডিজিটাল প্রযুক্তি	শিক্ষকের নাম ও স্বাক্ষর
অভিজ্ঞতার শিরোনাম :	সমস্যা দেখে না পাই ভয়, সবাই মিলে করি জয়'				মোঃ আকরাম হোসেন

রোল নং	নাম	০৬.০৬.০১.০১	০৬.০৬.০১.০২	০৬.০৬.০১.০৩	০৬.০৬.০১.০৪
০১	মোহনা চৌধুরী	□●△	■○△	□●△	□●△
০২	রাসেল আহমেদ	□●△	□○▲	□○▲	□○▲
০৩	অমিত কুণ্ডু	□○▲	□○▲	■○△	■○△
০৪	নিলুফার ইয়াসমিন	■○△	□●△	■○△	■○△
০৫	শিউলি সরকার	□○▲	□○▲	□○▲	■○△
০৬	পার্থ রোজারিও	□○▲	■○△	□○▲	□○▲

প্রতিষ্ঠানের নাম				শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক							
অভিজ্ঞতা নং :		শ্রেণিঃ	৬ষ্ঠ	বিষয়	ডিজিটাল প্রযুক্তি			শিক্ষকের নাম ও স্বাক্ষর			
অভিজ্ঞতার শিরোনাম :											

প্রযোজ্য PI নং

রোল নং	নাম								
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△

পরিশিষ্ট ৪

শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

প্রতিষ্ঠানের নাম			
শিক্ষার্থীর নাম			
শিক্ষার্থীর আইডি:	শ্রেণি: ষষ্ঠ	বিষয়: ডিজিটাল প্রযুক্তি	শিক্ষকের নাম :

পারদর্শিতার সূচক	পারদর্শিতার মাত্রা		
০৬.০৬.০১.০১ চাহিদা অনুযায়ী প্রযুক্তির সাহায্যে তথ্য সংগ্রহ করতে পারছে	কোন ধরনের তথ্য সংগ্রহে প্রযুক্তির সাহায্য নেয়া যায় তা সনাক্ত করতে পারছে।	প্রযুক্তির সাহায্যে তথ্য সংগ্রহে প্রস্তুতি নিতে পারছে।	প্রযুক্তির সাহায্যে তথ্য সংগ্রহ (পরিকল্পনা) করতে পারছে।
০৬.০৬.০১.০২ তথ্য সংগ্রহের জন্য বিভিন্ন উৎস ব্যবহার করছে	তথ্য সংগ্রহের জন্য সহজলভ্য উৎস ব্যবহার করেছে	তথ্য সংগ্রহের জন্য সহজলভ্য একের অধিক উৎস ব্যবহার করেছে	তথ্য সংগ্রহের জন্য নতুন উৎসসহ একাধিক উৎস অনুসন্ধান করে তা ব্যবহার করেছে
০৬.০৬.০১.০৩ চাহিদা অনুযায়ী তথ্য ব্যবহার করছে	সংগৃহীত তথ্য প্রাসংগিকভাবে ব্যবহার করেছে	সংগৃহীত তথ্যকে সমন্বিত করে ব্যবহার করেছে	সংগৃহীত তথ্য সমন্বিত করে বিশ্লেষণসহ ব্যবহার করেছে
০৬.০৬.০১.০৪ মানবীয় উৎসের অনুমতি গ্রহণ ও তথ্যসূত্র উল্লেখপূর্বক তথ্য ব্যবহার করছে।	তথ্য উপস্থাপনের সময় কিছু কিছু ক্ষেত্রে তথ্যসূত্র বা উৎসের নাম উল্লেখ করেছে।	তথ্য উপস্থাপনের সময় তথ্যসূত্র বা উৎসের নাম উল্লেখ করেছে।	তথ্য উপস্থাপনের সময় প্রয়োজনীয় অনুমতি গ্রহণপূর্বক নিয়ম মেনে তথ্যসূত্র বা উৎসের নাম উল্লেখ করেছে।
০৬.০৬.০২.০১ যে কোন সরল অ্যালগরিদমের ধাপসমূহ ধারাবাহিকভাবে নির্ধারণ করতে পারছে	দৈনন্দিন জীবনের কোন একটি কাজকে সরল অ্যালগোরিদমের মাধ্যমে ধারাবাহিকভাবে সাজাতে পারছে	অপেক্ষাকৃত জটিল ধাপসম্পন্ন কাজকে সরল অ্যালগোরিদমের মাধ্যমে ধারাবাহিকভাবে সাজাতে পারছে	যে কোন কাজকে সরল অ্যালগোরিদমের মাধ্যমে ধারাবাহিকভাবে সাজাতে পারছে

০৬.০৬.০২.০২ যে কোন একটি সরল অ্যালগরিদম ডিজাইন করতে পারছে	দৈনন্দিন জীবনের কোন কাজের জন্য একটি সরল অ্যালগোরিদম ডিজাইন করতে পারছে	অপেক্ষাকৃত জটিল ধাপসম্পন্ন কাজের জন্য সরল অ্যালগোরিদম ডিজাইন করতে পারছে	যে কোন পরিবেশে যে কোন কাজের জন্য সরল অ্যালগোরিদম ডিজাইন করতে পারছে
০৬.০৬.০২.০৩ যে কোন একটি সরল অ্যালগরিদমের ডিজাইন পরিমার্জন করতে পারছে	দৈনন্দিন জীবনের কোন কাজের জন্য তৈরিকৃত সরল অ্যালগোরিদমের ডিজাইন পরিমার্জন করতে পারছে	অপেক্ষাকৃত জটিল ধাপসম্পন্ন কাজের জন্য তৈরিকৃত সরল অ্যালগোরিদমের ডিজাইন পরিমার্জন করতে পারছে	যে কোন পরিবেশে, যে কোন কাজের জন্য তৈরিকৃত সরল অ্যালগোরিদমের ডিজাইন পরিমার্জন করতে পারছে
০৬.০৬.০২.০৪ সরল অ্যালগরিদমের ধাপসমূহ মেনে একটি প্রোগ্রাম ডিজাইন করতে পারছে	দৈনন্দিন জীবনের কোন কাজের জন্য তৈরি অ্যালগোরিদমের ধাপ মেনে সেটিকে একটি প্রোগ্রামে রূপান্তর করতে পারছে	অপেক্ষাকৃত জটিল ধাপসম্পন্ন কাজের জন্য তৈরি অ্যালগোরিদমের ধাপ মেনে সেটিকে একটি প্রোগ্রামে রূপান্তর করতে পারছে	যে কোন পরিবেশে যে কোন কাজের জন্য তৈরি অ্যালগোরিদমের ধাপ মেনে সেটিকে একটি প্রোগ্রামে রূপান্তর করতে পারছে
০৬.০৬.০৩.০১ কোন একটি ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহের কাজ নির্ধারণ করতে পারছে	কোন একটি ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহের বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারছে	কোন একটি ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহের বৈশিষ্ট্যের প্রেক্ষিতে তাদের মাঝে আন্তঃসম্পর্ক বিশ্লেষণ করতে পারছে	কোন একটি ডিজিটাল সিস্টেমের উপাদানসমূহের মাঝে আন্তঃসম্পর্ক বিশ্লেষণ করে তার কাজ পর্যালোচনা করতে পারছে
০৬.০৬.০৩.০২ একটি ডিজিটাল নেটওয়ার্কের গঠন পর্যালোচনা করতে পারছে	পরিচিত কোন একটি সরল ডিজিটাল নেটওয়ার্ক কীভাবে তৈরি হয় তা নির্ণয় করতে পারছে	পরিচিত অপেক্ষাকৃত জটিল ধরনের ডিজিটাল নেটওয়ার্ক কীভাবে তৈরি হয় তা নির্ণয় করতে পারছে	সবধরনের ডিজিটাল নেটওয়ার্ক কীভাবে তৈরি হয় তা নির্ণয় করতে পারছে
০৬.০৬.০৩.০৩ ডিজিটাল নেটওয়ার্কে তথ্য আদান-প্রদানের উপায় নির্ণয় করতে পারছে	পরিচিত কোন একটি সরল নেটওয়ার্কে তথ্যের আদান-প্রদানের উপায় চিহ্নিত করতে পারছে	পরিচিত অপেক্ষাকৃত জটিল ধরনের নেটওয়ার্কে তথ্যের আদান-প্রদানের উপায় চিহ্নিত করতে পারছে	সবধরনের নেটওয়ার্কে তথ্যের আদান-প্রদানের উপায় নির্ধারণ করতে পারছে
০৬.০৬.০৪.০১ বিভিন্ন প্রেক্ষাপটে টার্গেট গ্রুপের বৈশিষ্ট্যের ভিন্নতা চিহ্নিত করতে পারছে	পরিচিত প্রেক্ষাপটে নির্দিষ্ট কোন টার্গেট গ্রুপের বৈশিষ্ট্য বের করতে পারছে।	নির্দিষ্ট কোন টার্গেট গ্রুপের প্রেক্ষাপট ভিন্ন হওয়ায় বৈশিষ্ট্যও যে ভিন্ন হতে পারে তা বের করতে পারছে।	বিভিন্ন প্রেক্ষাপটে কোন নির্দিষ্ট টার্গেটগ্রুপের বৈশিষ্ট্যের ভিন্নতা বের করতে পারছে।
০৬.০৬.০৪.০২ টার্গেট গ্রুপের বৈশিষ্ট্য (বয়স, ভৌগলিক অবস্থান, শিক্ষাগত যোগ্যতা) অনুযায়ী টার্গেট গ্রুপের কনটেন্টের চাহিদার ভিন্নতা নিরূপণ করতে পারছে	পরিচিত প্রেক্ষাপটে নির্দিষ্ট কোন টার্গেট গ্রুপের কনটেন্টের চাহিদা সাধারণভাবে নিরূপণ করতে পারছে।	চাহিদা নিরূপণের সময় টার্গেট গ্রুপের বিভিন্ন বৈশিষ্ট্য বিবেচনায় নিচ্ছে।	টার্গেট গ্রুপের বৈশিষ্ট্য অনুযায়ী চাহিদার ভিন্নতা নিরূপণ করতে পারছে।

০৬.০৬.০৪.০৩ টার্গেট গ্রুপের চাহিদার পার্থক্য অনুযায়ী শিক্ষার্থী ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে বৈচিত্রময় উপায়ে কনটেন্ট তৈরি করতে পারছে	টার্গেট গ্রুপের চাহিদা অনুযায়ী একটি কনটেন্ট ডিজাইন ও প্রস্তুত করছে	প্রস্তুতকৃত কনটেন্ট এর মেসেজ বা বার্তা টার্গেট গ্রুপ বুঝতে পারছে	প্রস্তুতকৃত কনটেন্ট এর মেসেজ বা বার্তা টার্গেট গ্রুপ পছন্দ করেছে।
০৬.০৬.০৫.০১ দেশে কি কি জরুরী সেবা বিদ্যমান তা বিভিন্ন উপায়ে অনুসন্ধান করতে পারছে	নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে বিদ্যমান কিছু জরুরী সেবা বের করতে পেরেছে।	নির্দেশনা অনুযায়ী অনুসন্ধানের মাধ্যমে বিদ্যমান জরুরী সেবাসমূহ বের করতে পেরেছে	প্রয়োজন অনুযায়ী অনুসন্ধানের মাধ্যমে নির্দিষ্ট জরুরী সেবা বের করতে পেরেছে
০৬.০৬.০৫.০২ ডিজিটাল মাধ্যম ব্যবহার করে জরুরি সেবা গ্রহণের প্রক্রিয়া সম্পর্কে সচেতন হয়েছে	যেকোন একটি ডিজিটাল সেবা গ্রহণের প্রক্রিয়া উপস্থাপন করতে পারছে।	যে কোন ডিজিটাল সেবা গ্রহণ করার ধাপসমূহ চিহ্নিত করতে পারছে।	প্রয়োজন অনুযায়ী যে কোন ডিজিটাল সেবা গ্রহণের প্রস্তুতি আছে।
০৬.০৬.০৫.০৩ চাহিদা অনুযায়ী জরুরি সেবার ধাপ অনুসরণ করে যোগাযোগ স্থাপন পারছে	কোন একটি কৃতিমভাবে তৈরি করা পরিস্থিতিতে জরুরি সেবা নেওয়ার জন্য যোগাযোগ করতে পারছে	কোন একটি কৃতিমভাবে তৈরি করা পরিস্থিতিতে সবগুলো ধাপ অনুসরণ করে জরুরি সেবা নেওয়ার জন্য যোগাযোগ করতে পারছে	কোন একটি কৃতিমভাবে তৈরি করা পরিস্থিতিতে জরুরি সেবা নেওয়ার জন্য সকল সঠিক তথ্য দিয়ে যোগাযোগ করতে পারছে
০৬.০৬.০৬.০১ চারপাশের পরিবেশ থেকে বুদ্ধিবৃত্তিক সম্পদগুলো অনুসন্ধান করতে পারছে	নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে বিদ্যমান কিছু বুদ্ধিবৃত্তিক সম্পদ বের করতে পেরেছে।	নির্দেশনা অনুযায়ী অনুসন্ধানের মাধ্যমে বিদ্যমান বুদ্ধিবৃত্তিক সম্পদ বের করতে পেরেছে	অনুসন্ধানের মাধ্যমে ধরণ অনুযায়ী বুদ্ধিবৃত্তিক সম্পদ বের করতে পেরেছে
০৬.০৬.০৬.০২ বুদ্ধিবৃত্তিক সম্পদের ভিন্নতা অনুযায়ী তার উপর স্বত্বাধিকারীর অধিকারগুলো চিহ্নিত করতে পারছে	নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে প্রাপ্ত একটি বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারের অধিকার সনাক্ত করার চেষ্টা করছে।	নির্দেশনা অনুযায়ী অনুসন্ধানের মাধ্যমে প্রাপ্ত বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারের অধিকার বের করতে পেরেছে	অনুসন্ধানের মাধ্যমে ধরণ অনুযায়ী বিভিন্ন বুদ্ধিবৃত্তিক সম্পদের স্বত্বাধিকারের অধিকারসমূহ বের করতে পেরেছে।
০৬.০৬.০৭.০১ ডিজিটাল প্লাটফর্মে তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে সাধারণ ঝুঁকিগুলো চিহ্নিত করতে পারছে	ডিজিটাল প্লাটফর্মে পরিচিত সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করতে পারছে	ডিজিটাল প্লাটফর্মের পরিচিত সম্ভাব্য ঝুঁকিগুলোকে মাত্রা অনুযায়ী পার্থক্য করতে পারছে	ডিজিটাল প্লাটফর্মের সম্ভাব্য নতুন ঝুঁকিগুলোকে ঝুঁকির মাত্রা অনুযায়ী পার্থক্য করতে পারছে
০৬.০৬.০৭.০২ ঝুঁকি মোকাবেলা করে ডিজিটাল প্লাটফর্মে তথ্য আদান-প্রদান করতে পারছে	তথ্য আদান প্রদানের সময় ঝুঁকি মোকাবেলার জন্য স্বল্প পরিসরে কিছু উদ্যোগ নিচ্ছে	তথ্য আদান প্রদানের সময় ঝুঁকির মাত্রা অনুযায়ী মোকাবেলার জন্য ব্যবস্থা নিচ্ছে	তথ্য আদান প্রদানের সময় সকল ধরণের ঝুঁকি মোকাবেলার জন্য প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিচ্ছে।

০৬.০৬.০৮.০১ ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত গোপনীয় তথ্য কি হতে পারে তা চিহ্নিত করছে	ডিজিটাল মাধ্যমে নিজের ব্যক্তিগত গোপনীয় তথ্য কি তা চিহ্নিত করতে পারছে।	ডিজিটাল মাধ্যমে নিজের বয়সি অন্যান্যদের ব্যক্তিগত গোপনীয় তথ্য কি হতে পারে তা চিহ্নিত করছে	ডিজিটাল মাধ্যমে যে কোন বয়সি মানুষের ক্ষেত্রে ব্যক্তিগত গোপনীয় তথ্য কি হতে পারে তা চিহ্নিত করছে
০৬.০৬.০৮.০২ ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের সামাজিক দিক বিশ্লেষণ করছে	নিজের ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘিত হলে সামাজিক কি প্রভাব পরতে পারে তা বিশ্লেষণ করছে	অন্যের ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘন করলে কী কী সামাজিক প্রভাব পরতে পারে তা বের করতে পারছে।	ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘিত হলে ভবিষ্যতে কী কী সামাজিক প্রভাব পরতে পারে তা বের করতে পারছে।
০৬.০৬.০৮.০৩ ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের আইনগত দিক বিশ্লেষণ করছে	নিজের ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘিত হলে কী আইনগত ব্যবস্থা আছে তা বিশ্লেষণ করছে	অন্যের ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘন করলে তার আইনগত ব্যবস্থা কি হতে পারে তা বের করতে পারছে।	ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘিত হলে ভবিষ্যতে কী কী আইনগত প্রভাব পরতে পারে তা বের করতে পারছে।
০৬.০৬.০৮.০৪ ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের সামাজিক দিক বিবেচনা করে নিজের কর্মপরিকল্পনা নির্ধারণ করছে	সামাজিক প্রভাব বিবেচনায় ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষায় উদ্যোগ নিচ্ছে।	সামাজিক প্রভাব বিবেচনায় নিয়ে ব্যক্তিগত তথ্যের সুরক্ষায় প্রস্তুতি গ্রহণ করছে।	সামাজিক প্রভাব বিবেচনায় নিয়ে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনে করণীয় সম্পর্কে প্রস্তুতি গ্রহণ করছে।
০৬.০৬.০৮.০৫ ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনের আইনগত দিক বিবেচনা করে নিজের কর্মপরিকল্পনা নির্ধারণ করছে	আইনগত দিক বিবেচনায় ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষায় উদ্যোগ নিচ্ছে।	আইনগত দিক বিবেচনায় নিয়ে ব্যক্তিগত তথ্যের সুরক্ষায় প্রস্তুতি গ্রহণ করছে।	আইনগত দিক বিবেচনায় নিয়ে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা লঙ্ঘনে করণীয় সম্পর্কে প্রস্তুতি গ্রহণ করছে।
০৬.০৬.০৯.০১ ডিজিটাল মাধ্যম ব্যবহার করে ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে সামাজিক রীতিনীতি ও আচরণ মেনে চলছে।	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে নির্দিষ্ট কিছু নিয়মকানুন মেনে চলছে।	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে সামাজিক রীতিনীতি মেনে চলছে।	ডিজিটাল মাধ্যমে ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে সামাজিক মূল্যবোধ ও আচরণ অনুসরণ করছে।
০৬.০৬.১০.০১ বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্যপ্রযুক্তি ব্যবহার করতে পারছে	কোন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্য সম্পর্কে জানতে তথ্য প্রযুক্তির সহায়তা নিতে চেষ্টা করছে।	ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্য প্রযুক্তি ব্যবহারের পদ্ধতি জানে।	তথ্য প্রযুক্তি ব্যবহার করে কোন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্য নির্ণয় করছে।
০৬.০৬.১০.০২ বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্যপ্রযুক্তি ব্যবহার করতে পারছে	কোন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য সম্পর্কে জানতে তথ্য প্রযুক্তির সহায়তা নিতে চেষ্টা করছে।	ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য নির্ণয়ে তথ্য প্রযুক্তি ব্যবহারের পদ্ধতি জানে।	তথ্য প্রযুক্তি ব্যবহার করে কোন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্য নির্ণয় করছে।

<p>০৬.০৬.১০.০৩ বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্যের বিভিন্ন দিক নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে</p>	<p>তথ্য প্রযুক্তির সহায়তায় কোন ভৌগোলিক অঞ্চলের সামাজিক বৈচিত্র্যের বিভিন্ন দিক সম্পর্কে জানতে বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহারের চেষ্টা করছে।</p>	<p>তথ্য প্রযুক্তির বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহার করে সামাজিক বৈচিত্র্য নিরপেক্ষ দৃষ্টিতে অনুসন্ধানের চেষ্টা করছে।</p>	<p>তথ্য প্রযুক্তির বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহার করে সামাজিক বৈচিত্র্য নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে</p>
<p>০৬.০৬.১০.০৪ বিভিন্ন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্যের বিভিন্ন দিক নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে</p>	<p>তথ্য প্রযুক্তির সহায়তায় কোন ভৌগোলিক অঞ্চলের সাংস্কৃতিক বৈচিত্র্যের বিভিন্ন দিক সম্পর্কে জানতে বিভিন্ন পদ্ধতি; [প্ল- ও উৎস ব্যবহারের চেষ্টা করছে।</p>	<p>তথ্য প্রযুক্তির বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহার করে সাংস্কৃতিক বৈচিত্র্য নিরপেক্ষ দৃষ্টিতে অনুসন্ধানের চেষ্টা করছে।</p>	<p>তথ্য প্রযুক্তির বিভিন্ন পদ্ধতি ও উৎস ব্যবহার করে সাংস্কৃতিক বৈচিত্র্য নৈর্ব্যক্তিকভাবে অনুসন্ধান করতে পারছে</p>

পরিশিষ্ট ৫

আচরণিক নির্দেশক (Behavioral Indicator, BI)

বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে প্রতিটি শিক্ষার্থীর জন্য শিক্ষক প্রতিটি শিক্ষার্থীর প্রাপ্ত মাত্রা বছরে দুইবার রেকর্ড রাখবেন

আচরণিক সূচক	শিক্ষার্থীর অর্জনের মাত্রা		
	□	○	△
দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে	দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে
নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে	দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে	নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে	নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে
নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে	নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না	পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না	নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে
শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে
পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে	সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে
দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে
নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে	এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের	দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা	নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং

এবং দলে সমন্বয় সাধন করছে	অন্যদের সাথে সমন্বয় করছে না	করছে	দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে
অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে	অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে	অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে	অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে
দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে	প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না	দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না	দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে
ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে	ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে	ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না	ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ